দৈনিক খবর

৭৫

তারিখ ..০৫ SEP. ১৯৮৮ ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭...

# ছাত্র মিছিলের চেষ্টা ।। ১৮ জন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা কলেজের একদল ছাত্র গতকাল বিক্ষোভ মিছিলযোগে সিটি কলেজের দিকে যাবার চেষ্টাকালে পুলিশ বাধা দিলে পুলিশের সাথে মৃদু সংঘর্ষ হয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা একটি বেবী ট্যাক্সি

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে



সিটি কলেজের দিকে ঢাকা কলেজের ছাত্ররা মিছিল করে এগোতে চাইলে গতকাল পুলিশ বাধা দেয়। —খবর

## ছাত্র মিছিলের

প্রথম পৃষ্ঠার পর

পুড়িয়ে দিয়েছে এবং ঘটনাস্থল থেকে পুলিশ ১৮ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, গতকাল সোয়া দশটায় ঢাকা কলেজের একদল ছাত্র লাঠি, হকিস্টিকসহ মিছিল বের করে। গত ২রা সেপ্টেম্বর ঢাকা কলেজ ও সিটি কলেজের ছাত্রদের মধ্যে সংঘর্ষের জের হিসেবে এ মিছিল বের হয়। মিছিলটি সিটি কলেজের দিকে যাবার চেষ্টা করলে পুলিশ বাধা দেয় এবং পুলিশের সাথে ছাত্রদের মৃদু সংঘর্ষ হয়। পুলিশ ছাত্রদের ওপর লাঠিচার্জ করে এবং ঘটনাস্থল থেকে ১৮ জনকে গ্রেফতার করে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা একটি বেবী ট্যাক্সি (ন-৩০৩২) পুড়িয়ে দেয়।